# সৌদি আরবের বিমান হামলায় ইয়েমেনে নিহত ৪



ছবি: সংগৃহীত

ইয়েমেনের আল-জাওফ গভর্নরেটের খাব্ব ওয়া আশ শা'আফ জেলায় সৌদি আরবের বিমান হামলায় চার বেসামরিক নাগরিক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও তিনজন আহত হয়েছেন।

সোমবার (২১ সেপ্টেম্বর) আনাদুলু এজেন্সি সাবার (এসএবিএ) বরাত দিয়ে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, রোববার ওই এলাকায় একটি টেলিযোগাযোগ টাওয়ার লক্ষ্য করে সৌদি বিমান হামলা চালানো হয়। হামলায় চারজন নিহত ও তিনজন আহত হন।

স্থানীয় একটি সূত্র সাবাকে জানিয়েছে, নিহতরা সবাই শ্রমিক ছিলেন।

LENS ASIA